# শয়তান থেকে বাঁচার দোয়া

**উচ্চারণ:** আউজু বিল্লাহি মিনাশ শাইত্বনির রাজিম।
**অর্থ:** বিতাড়িত শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় চাই।

**উচ্চারণ:** আউজুবিল্লাহিল আজিম, ওয়া বিওয়াজ'হিহিল কারিম ওয়া সুলতানিহিল কাদিমি-মিনাশ শাইত্বনির রাজিম।
**অর্থ:** আমি মহান আল্লাহর, তাঁর সম্মানিত চেহারার এবং তাঁর চিরন্তন কর্তৃত্বের মাধ্যমে বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি।

**উচ্চারণ:** রব্বি আ'ঊযুবিকা মিন হামাঝা-তিশ'শাইয়াতীন। ওয়া আ'ঊযুবিকা রাব্বি আঁই ইয়্যাহদুরূন।
**অর্থ:** হে আমার প্রতিপালক! আমি তোমার আশ্রয় প্রার্থনা করি শয়তানের প্ররোচনা হতে। প্রভু! আমি তোমার কাছে আশ্রয় চাই, আমার নিকট শয়তানের উপস্থিতি হতে।

# তওবার দোয়া

### সাইয়্যিদুল ইস্তিগফার বা তওবার শ্রেষ্ঠ দোয়া:

**উচ্চারণ:** আল্লাহুম্মা আনতা রাব্বি। লা ইলাহা ইল্লা আনতা। খালাকতানি ওয়া আনা আবদুকা। ওয়া আনা আলা আহদিকা। ওয়া ওয়া'দিকা মাসতাতা'তু। আউজু বিকা মিন শাররি মা-সানা'তু। আবুয়ু লাকা বিনি'মাতিকা আলাইয়্যা। ওয়া আবুয়ু লাকা বি জাম্বি। ফাগফিরলী। ফা ইন্নাহু লা ইয়াগফিরুজ জুনুবা ইল্লা আনতা।
**অর্থ:** হে আল্লাহ! একমাত্র আপনিই আমাদের প্রতিপালক। আপনি ব্যতীত আর কোনো উপাস্য নেই। আপনিই আমার স্রষ্টা এবং আমি আপনার দাস। আমি আপনার সঙ্গে কৃত ওয়াদা ও অঙ্গীকারের ওপর সাধ্যানুযায়ী অটল ও অবিচল আছি। আমি আমার কৃতকর্মের সব অনিষ্ট হতে আপানার কাছে আশ্রয় প্রার্থনা করছি। আমার উপর আপনার দানকৃত সব নেয়ামত স্বীকার করছি। আমি আমার সব গুনাহ স্বীকার করছি। অতএব, আপনি আমাকে ক্ষমা করুন। কেননা, আপনি ছাড়া আর কেউ গুনাহ ক্ষমা করতে পারবে না।

**উচ্চারণ:** আস্তাগফিরুল্লা-হাল্লাজি লা ইলা-হা ইল্লা হুওয়াল হাইয়ুল কাইয়ূমু ওয়া আতূবু ইলাইহি।
**অর্থ:** আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি। যিনি ছাড়া কোনো সত্য উপাস্য নেই। যিনি চিরঞ্জীব ও বিশ্বচরাচরের ধারক। আর আমি তাঁর দিকেই ফিরে যাচ্ছি (তওবা করছি)।

# দোয়া সমূহ

**উচ্চারণ:** ইয়া আর হামার রাহেমিন।
**অর্থ:** হে সকল দয়াশীলদের চেয়ে বড় দয়াশীল!

**উচ্চারণ:** আল্লাহুম্মা আনতাস সালাম, ওয়া মিনকাস সালাম, তাবারকতা ইয়াজাল জালালি ওয়াল ইকরাম।
**অর্থ:** হে আল্লাহ! তোমার গুণবাচক নাম সালাম। তুমি শান্তিদাতা। তুমি কল্যাণময়। তুমি সম্মান ও মর্যাদার অধিকারী।

**উচ্চারণ:** রাব্বানা যালামনা আনফুসানা ওয়া ইল্লাম তাগফিরলানা ওয়াতার হামনা লানা কুনান্না মিনাল খ’সিরিন।
**অর্থ:** হে আল্লাহ্! আমি আমার নিজের উপর জুলুম করে ফেলেছি। এখন তুমি যদি ক্ষমা ও রহম না কর, তাহলে আমি ধ্বংস হয়ে যাবো।

**উচ্চারণ:** রাব্বানা লা’তুযিগ কুলুবানা বা’দা ইয হাদাইতানা ওয়া হাবলানা মিল্লাদুনকা রাহমাতান, ইন্নাকা আনতাল ওয়াহাব।
**অর্থ:** হে আমাদের পালনকর্তা! সরলপথ প্রদর্শনের পর তুমি আমার অন্তরকে বক্র করে দিওনা এবং তুমি আমার প্রতি করুণা কর, তুমিই মহান দাতা।

**উচ্চারণ:** রাব্বানা ফাগফিরলানা যুনুবানা ওয়া কাফফির আন্না সাইয়্যিআতিনা ওয়া তাওয়াফ্ফানা মায়াল আবরার।
**অর্থ:** হে আমাদের পালনকর্তা! আমার গুনাহসমূহ মাফ করে দাও, আমার থেকে সকল মন্দ দূর করে দাও এবং আমাকে নেক লোকদের সাহচার্য দান কর।

**উচ্চারণ:** রাব্বানা আতিনা ফিদ্ দুনইয়া হাসানাহ্, ওয়াফিল আখিরাতি হাসানাহ্। ওয়াকিনা আজাবান্নার।
**অর্থ:** হে আমার প্রভু! আমাকে দুনিয়াতে সুখ দান কর, আখেরাতেও সুখ দান কর এবং আমাকে জাহান্নাম থেকে বাঁচাও।

**উচ্চারণ:** লা ইলাহা ইল্লা আন্তা সুবহানাকা ইন্নি কুনতু মিনাজ্ জালিমীন।
**অর্থ:** আল্লাহ্ ব্যতীত আর কোনো উপাস্য নেই। আমি তাঁর পবিত্রতা ঘোষণা করছি। অবশ্যই আমি পাপী।

**উচ্চারণ:** লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারিকা লাহু। লাহুল মুলকু। ওয়ালাহুল হামদু। ওয়াহুয়া আলা কুল্লি শাইয়িন কাদির।
**অর্থ:** আল্লাহ ব্যতীত কোনো উপাস্য নেই। তিনি একক। তার কোনো শরিক নেই। সার্বভৌমত্বের মালিক তিনি। সকল প্রশংসা তার। তিনি সবকিছুর ওপর সামর্থ্যবান।

**উচ্চারণ:** লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারিকা লাহু। লাহুল মুলকু ওয়া লাহুল হামদু। ওয়া হুয়া আলা কুল্লি শাইয়িন কাদির। আল্লাহুম্মা লা-মানিয়া লিমা আতাইতা। ওয়া-লা মুতিয়া লিমা মানা'তা ওয়ালা ইয়ানফাউ জাল জাদ্দি মিনকাল জাদ্দু।
**অর্থ:** আল্লাহ ব্যতীত আর কোনো উপাস্য নেই। তিনি একক। তার কোনো শরিক নেই। সার্বভৌমত্বের মালিক তিনি। সকল প্রশংসা তার। তিনি সব কিছুর ওপর সামর্থ্যবান। আল্লাহ্ দিলে কেউ বাঁধা দিতে পারে না। আর না দিলে কেউ দিতে পারে না, কেউ উপকারও করতে পারে না।

**উচ্চারণ:** লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারিকা লাহু। লাহুল মুলকু। ওয়া লাহুল হামদু। ওয়া হুওয়া আলা কুল্লি শাইয়িন কাদির। লা হাউলা ওয়া লা কুওয়্যাতা ইল্লা বিল্লাহ্। লা ইলাহা ইল্লাল্লাহু। ওয়া লা না'বুদু ইল্লা ইয়্যাহু। লাহুন নি'মাতু ওয়া লাহুল ফাজলু। ওয়া লাহুস সানাউল হাসানু। লা ইলাহা ইল্লাল্লাহু মুখলিসিনা লাহুদ দ্বীনা। ওয়া লাউ কারিহাল কাফিরূন।
**অর্থ:** আল্লাহ ব্যতীত কোনো উপাস্য নেই। তিনি একক। তার কোনো শরিক নেই। সার্বভৌমত্বের মালিক তিনি। সকল প্রশংসা তার। তিনি সবকিছুর ওপর সামর্থ্যবান। নেক কাজের তওফিক দান করার ক্ষমতা আল্লাহ ব্যতীত আর কারো নেই। গুনাহ থেকে বিরত রাখার ক্ষমতা আল্লাহ ব্যতীত আর কারো নেই। আল্লাহ ব্যতীত আর কারো ইবাদত আমি করি না। প্রাচুর্য দেওয়ার ও অনুগ্রহ করার ক্ষমতা তার। সকল প্রশংসা ও সৌন্দর্য তার। আল্লাহ ব্যতীত আর কোনো সত্য উপাস্য নেই। আল্লাহর সন্তুষ্টির জন্য আমরা একনিষ্ঠ ভাবে তার দ্বীন মেনে চলি। যদিও অবিশ্বাসীরা তাতে অসন্তুষ্ট হয়।

**উচ্চারণ:** আল্লাহুম্মা আ'ইন্নি আলা জিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি ইবাদাতিকা।
**অর্থ:** হে আল্লাহ! আমাকে তোমার জিকির করার সুযোগ দাও। তোমার নিয়ামতের কৃতজ্ঞতা আদায়ের সুযোগ দাও। সুন্দরভাবে তোমার ইবাদতের সুযোগ দাও।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আউজুবিকা বিকা মিন আজাবিল কাবার, ওয়া আউজুবিকা মিন ফিতনাতিল মাসিহ দাজ্জাল, ওয়া আউজুবিকা মিন ফিতনাতিল মাহিয়া ওয়া ফিতনাতিল মামাত। আল্লাহুম্মা ইন্নি আউজুবিকা মিনাল মাসামি ওয়াল মাগরাম।
**অর্থ:** হে আল্লাহ্! কবরের আযাব থেকে, মাসীহ্ দাজ্জালের ফিতনা থেকে এবং জীবন ও মৃত্যুর ফিতনা থেকে, আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি। হে আল্লাহ্! গুনাহ্ ও ঋণগ্রস্থতা থেকে আপনার নিকট আশ্রয় চাই।

**উচ্চারণ:** রব্বিশ রহলি' সদরি' ওয়াসসিরলি' আমরি' ওয়াহলুল উকদাতাম(গুন্নাহ করে) মিল লিছানি' ইয়াফখহু কওলি। (') টেনে পড়তে হবে।
**অর্থ:** হে আমার পালনকর্তা! আমার বক্ষ প্রশস্ত করে দিন এবং আমার কর্ম সহজ করে দিন, আমার জিহ্বার জড়তা দূর করে দিন, যাতে তারা আমার কথা বুঝতে পারে।

**উচ্চারণ:** রব্বাহু আন্নী মাগলূবুন ফানতাসির।

**অর্থ:** হে রব! আমি তো অসহায়, অতএব তুমি প্রতিবিধান কর।

**উচ্চারণ:** রাব্বানা ইন্নানা আ-মান্না-ফাগফিরলানা যুনুবানা ওয়া-কিনা আযাবান্নার।

**অর্থ:** হে আমার রব! আমি ঈমান এনেছি; সুতরাং তুমি আমার পাপ ক্ষমা কর এবং আমাকে আগুনের আযাব হতে রক্ষা কর।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আসআলুকাল 'আফওয়া ওয়াল 'আফিয়াতা ফীদ দুনইয়া ওয়াল আখিরাতি, আল্লাহুম্মা ইন্নি আসআলুকাল 'আফওয়া ওয়াল আফিয়াতা ফী দীনী ওয়া দুনইয়াইয়া ওয়া আহলী, ওয়া মালী।

**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে ক্ষমা এবং দুনিয়া ও আখিরাতে নিরাপত্তা প্রার্থনা করছি। হে আল্লাহ! আমি তোমার কাছে ক্ষমা এবং আমার দ্বীন ও দুনিয়া, পরিজন ও সম্পত্তির ব্যাপারে নিরাপত্তা চাচ্ছি।

**উচ্চারণ:** বিসমিল্লাহি তাওয়াক্কালতু আলাল্লাহি লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লাবিল্লাহ্।

**অর্থ:** আল্লাহর নামে বের হলাম এবং আল্লাহর ওপর ভরসা করলাম। আল্লাহ ছাড়া অকল্যাণরোধ বা কল্যাণ হাসিল করার শক্তি অন্য কারো নেই।

**উচ্চারণ:** রাব্বানা আলাইকা তাওয়াক্কালনা ওয়া ইলাইকা আনাবনা-ওয়া ইলাইকাল মাসীর। রাব্বানা লা তাজ'আলনা ফিতনাতা-লিল্লাযীনা কাফারূ ওয়াগফিরলানা রাব্বানা ইন্নাকা আনতাল আঝীজুল হাকিম।

**অর্থ:** হে আমার রব! আমি তোমারই উপর নির্ভির করি, তোমারই অভিমুখী হয়েছি এবং তোমার নিকটে প্রত্যাবর্তন করবো। হে আমার রব! তুমি আমাকে কাফিরদের পীড়নের পাত্র করিও না। তুমি আমাকে ক্ষমা কর; তুমি তো পরাক্রমশালী ও প্রজ্ঞাময়।

**উচ্চারণ:** লা ইলাহা ইল্লা হুওয়া আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুওয়া রাব্বুল আরশিল আজীম।

**অর্থ:** আমার জন্য আল্লাহ্ই যথেষ্ট! তিনি ছাড়া অন্য কোন ইলাহ নাই। আমি তার উপর নির্ভর করি। তিনি আরশের অধিপতি।

**উচ্চারণ:** আল্লাহুম্মাসতুর 'আওরাতী ওয়া আমিন রাও'আতী, আল্লাহুম্মাহ ফিযনী মিম বাইনি ইয়াদায়্যা, ওয়া মিন খালফী, ওয়া 'আন ইয়ামীনী, ওয়া 'আন শিমালী, ওয়া মিন ফাওকী, ওয়া আউযু বিআযমাতিকা আন উগতালা মিন তাহতী।

**অর্থ:** হে আল্লাহ! তুমি আমার গোপন দোষসমূহ ঢেকে রাখো। আমার ভয়-ভীতিকে নিরাপত্তায় পরিণত করো। আমার অগ্র-পশ্চাৎ, ডান-বাম এবং ঊর্ধ্ব হতে পতিত বিপদ থেকে আমাকে হেফাজত করো। নিম্নদিক হতে মৃত্যুমুখে পতিত হওয়া থেকে তোমার মাহাত্ম্যের আশ্রয় প্রার্থনা করছি।

**উচ্চারণ:** রাব্বানা আ-মান্না-ফাগফিরলানা ওয়ারহামনা ওয়া আনতা খাইরুর রা-হিমীন।
**অর্থ:** হে আমার রব! আমি ঈমান এনেছি, তুমি আমাকে ক্ষমা কর ও দয়া কর। তুমি তো সর্বশ্রেষ্ঠ দয়ালু।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ‘আফিনী ফী বাদানী, আল্লাহুম্মা ‘আফিনী ফী সাম‘য়ী, আল্লাহুম্মা ‘আফিনী ফী বাসারী, লা ইলাহা ইল্লা আনতা।
**অর্থ:** হে আল্লাহ! তুমি আমাকে দৈহিক নিরাপত্তা দাও, আমার শ্রবণেন্দ্রীয় ও দৃষ্টিশক্তিকে নিরাপদ রাখো। তুমি ছাড়া আর কোনো প্রকৃত মা’বুদ নেই।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ‘উযু বিকা মিনাল কুফরি, ওয়াল ফাকরি, ওয়া আ‘উযু বিকা মিন ‘আযাবিল কাবরি, লা ইলাহা ইল্লা আনতা।
**অর্থ:** হে আল্লাহ! আমি কুফুরি, দারিদ্র্য ও কবরের আজাব থেকে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি। তুমি ছাড়া আর কোনো প্রকৃত মা’বুদ নেই।

**উচ্চারণ:** রাব্বানা আফরিগ আলাইনা সাবরাও ওয়া তাওয়াফ্‌ফানা মুসলিমিন।
**অর্থ:** হে আমাদের প্রতিপালক! আপনি আমাদের ধৈর্যদান করুন এবং মুসলিম হিসেবে মৃত্যু দান করুন।

**উচ্চারণ:** আল্লাহুম্মাগ ফিরলী ওয়ালিল মু’মিনিনা ওয়াল মু’মিনাতি, ওয়াল মুসলিমিনা ওয়াল মুসলিমাত।
**অর্থ:** হে আল্লাহ্! তুমি আমার ও সমস্ত মু’মিন নর-নারীর এবং সমস্ত মুসলমান পুরুষ ও স্ত্রীলোকের পাপ সমূহ মোচন করে দাও।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ‘উযু বিকা মিনাল হাম্মি ওয়াল হুযনি, ওয়া আ‘উযু বিকা মিনাল ‘আজযি ওয়াল কাসালি, ওয়া মিনাল বুখলি ওয়াল জুবুনি, ওয়া আ‘উযু বিকা মিন গালাবাতিদ দাইনি ওয়া কাহরির রিজালি।
**অর্থ:** হে আল্লাহ! আমি চিন্তা ও উদ্বেগ, অক্ষমতা ও অলসতা, কৃপণতা ও কাপুরুষতা, ঋণের গুরুভার ও মানুষের অধীনতা হতে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি।

**উচ্চারণ:** রাব্বি আন্নী মাচ্ছানিআদ-দুররু ওয়া আনতা আরহামুর রাহিমিন।
**অর্থ:** হে রব! আমি দুঃখ-কষ্টে পতিত হয়েছি এবং আপনি দয়াবানদের চাইতেও সর্বশ্রেষ্ঠ দয়াবান।

**উচ্চারণ:** রাব্বি আ’ইন্নি ওয়া লা তু‘ইন ‘আলাইয়্যা, ওয়ানসুরনি ওয়া লা তানসুর ‘আলাইয়্যা, ওয়াহদিনী ওয়া ইয়াস্সিরিল হুদা আলাইয়্যা।
**অর্থ:** হে প্রভু! আমাকে সাহায্য করো, আমার প্রতিপক্ষকে সাহায্য করো না। আমাকে সফলতা দান করো, আমার প্রতিপক্ষকে দান করো না। আমাকে হেদায়াত দাও এবং হেদায়াত লাভ আমার জন্য সহজ করে দাও।

**উচ্চারণ:** আল্লাহুম্মাজ‘আল আউওয়ালা হাযাল ইয়াওমি সালাহান, ওয়া আউসাতাহু ফালাহান, ওয়া আখিরাহু নাজাহান, ওয়া আসআলুকা খাইরাইদ দুনইয়া ওয়াল আখিরাতি, ইয়া আরহামার রাহিমীন।
**অর্থ:** হে আল্লাহ! আজকের দিনের প্রথম অংশকে সততা, মধ্যভাগকে কল্যাণ এবং শেষভাগকে সফলতায় ভরে দাও। হে পরম দয়ালু! আমি তোমার কাছে দুনিয়া ও আখিরাতের কল্যাণ কামনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা আসলিহ লি দীনী, ওয়া ওয়াসসি’ লি ফি দারি, ওয়া বারিক লি ফি রিযকি।
**অর্থ:** হে আল্লাহ! আমার জন্য আমার দ্বীনকে সংশোধন করে দাও। আমার বাসস্থানকে প্রশস্থ করে দাও এবং আমার রুজিতে বরকত দান কর।

**উচ্চারণ:** আল্লাহুম্মা আতি নাফসী তাকওয়াহা, ওয়া যাক্কিহা আনতা খাউরু মান যাক্কাহা, আনতা ওয়ালিয়্যুহা ওয়া মাওলাহা।
**অর্থ:** হে আল্লাহ! আমার আত্মাকে তাকওয়া দান করো এবং একে পবিত্র করো। তুমি তো সর্বোত্তম পবিত্রকারী। তুমিই এর অভিভাবক ও প্রভু।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ‘উযু বিকা মিন ‘ইলমিন লা ইয়ানফা‘উ, ওয়া কালবিন লা ইয়াখশাউ, ওয়া নাফসিন লা তাশবা‘উ, ওয়া দাওয়াতিন লা ইউসতাজাবু লাহা।
**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে উপকারহীন জ্ঞান, নির্ভর অন্তর, অতৃপ্ত আত্মা এবং কবুল হয় না এমন দোয়া হতে আশ্রয় চাই।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ’উযু বিকা মিন শাররি মা ‘আমিলতু, ওয়া মিন শাররি মা লাম আ’মাল, ওয়া আ’উযু বিকা মিন শাররি মা ‘আমিলতু, ওয়া মিন শাররি মা লাম আ’লাম।
**অর্থ:** হে আল্লাহ! যে কাজ আমি করেছি এবং যা করিনি, তার অমঙ্গল থেকে তোমার কাছে আশ্রয় চাই। যে বিষয় আমি জেনেছি এবং যা জানিনি, এতদূভয়ের অমঙ্গল থেকে তোমার আশ্রয় প্রার্থনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ’উযু বিকা মিন যাওয়ালি নি’মাতিকা ওয়া তাহাওউলি ‘আফিয়াতিকা, ওয়া ফুজাআতি নিকমাতিকা ওয়া জামি’ই সাখতিকা।
**অর্থ:** হে আল্লাহ! আমার প্রতি তোমার নিয়ামতের অবক্ষয়, অনাবিল শান্তির অপসারণ, শাস্তির আকস্মিক আক্রমণ এবং তোমার সব অসন্তোষ হতে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নী আসআলুকাল ফাউযা ইয়াউমাল কাদাই, ওয়া আইশাস সু‘আদায়ি, ওয়া মানযিলাশ্ শুহাদায়ি, ওয়া মুরাফাকাতিল আম্বিয়ায়ি, ওয়ান নাছরা আলাল আ’দায়ি।
**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে শেষ বিচার দিনের সফলতা, সুখী সজ্জনের ন্যায় জীবন যাপন, শহীদদের মর্যাদা, নবীদের সাহচর্য এবং শত্রুদের বিরুদ্ধে সাহায্য কামনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ'উযু বিকা মিন মুনকারাতিল আখলাকি ওয়াল আ'মালি ওয়াল আহওয়ায়ি ওয়াল আদওয়ায়ি, ওয়া আ'উযু বিকা মিন গালাবাতিদ দাইনি, ওয়া কাহরিল আদুয়্যি, ওয়া শামাতাতিল আ'দায়ি।

**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাচ্ছি ঘৃণিত স্বভাব এবং অবাঞ্ছিত আচরণ হতে, আর আমাকে রক্ষা করো কুপ্রবৃত্তির তাড়না এবং দৈহিক রুগ্নতা হতে এবং আশ্রয় চাচ্ছি ঋণের গুরুভার, শত্রুর দুর্দম অপপ্রভাব ও উপহার হতে।

**উচ্চারণ:** আল্লাহুমা আল হিমনী রুশদী ওয়া আ'ইযনী মিন শাররি নাফসী।

**অর্থ:** হে আল্লাহ! আমাকে তুমি হেদায়াত দ্বারা অনুগৃহীত করো। আর আমার প্রবৃত্তির অনিষ্ট হতে আমাকে রক্ষা করো।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নী আ'উযু বিল্লাহি মিন জাহদিল বালায়ি, ওয়া দারাকিশ্ শিকায়ি, ওয়া সূইল কাদায়ি, ওয়া শামাতাতিল আ'দায়ি।

**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার আশ্রয় প্রার্থনা করছি বিপদের কষ্ট, দুর্ভোগের আক্রমণ, মন্দ ফয়সালা ও বিপদে শত্রুর উপহাস হতে।

**উচ্চারণ:** ইয়া মুক্বাল্লিবাল কুলুবি ছাব্বিত ক্বালবি আলা দ্বীনিকা।

**অর্থ:** হে মনের গতি পরিবর্তনকারী! আমার মনকে সত্য দ্বীনের উপর স্থিত কর।

**উচ্চারণ:** আল্লাহুম্মা মুকাল্লিবাল কুলূবি, সাব্বিত কালবী 'আলা দীনিকা, আল্লাহুমা মুসাররিফাল কুলূবি, সারি্যফ কুলূবানা 'আলা তা'আতিকা।

**অর্থ:** হে অন্তর-সমূহের বিবর্তনকারী আল্লাহ্! তুমি আমার অন্তরকে তোমার দ্বীনের উপর সুপ্রতিষ্ঠিত রাখ। হে অন্তর-সমূহের পরিবর্তনকারী আল্লাহ্! তুমি আমার অন্তরকে তোমার আনুগত্যের দিকে ফিরিয়ে নাও।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নী আসআলুকাস সিহ্হাতা ওয়াল 'আফিয়াতা, ওয়া হুসনাল খুলুকি ওয়ার রিদাআ বিল কাদরি।

**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে সুস্বাস্থ্য, পবিত্রতা, উত্তম চরিত্র এবং ভাগ্যের প্রতি সন্তুষ্ট থাকার মনোবল কামনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নী আউযু বিকা মিন শাররি নাফসী, ওয়া মিন শাররি কুল্লি দাব্বাতিন আনতা আখিযুম বিনাছিয়াতিহা ইন্না রাব্বি 'আলা সিরাতিম মুসতাকিম।

**অর্থ:** হে আল্লাহ! আমি আমার অন্তরের অপকারিতা এবং পৃথিবীর বুকে চলমান জীবজন্তু-যাদের ভাগ্যরাশি তোমার হাতের মুঠোয় রয়েছে তাদের অপকারিতা হতে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি। নিশ্চয়ই আমার প্রতিপালক সহজ সরল পথে রয়েছেন।

**উচ্চারণ:** রাব্বিনসুরনী আলাল কাওমিল মুফছিদীন।

**অর্থ:** হে রব! দুস্কৃতিকারীদের বিরুদ্ধে আমাকে সাহায্য কর।

**উচ্চারণ:** রাব্বানা হাবলানা মিন আজওয়াজিনা ওয়া জুররি-ইয়্যাতিনা কুররাতা আয়ুনিওঁ- ওয়াজআলনা লিল মুত্তাকিনা ইমামা।
**অর্থ:** হে আমার প্রভু! স্ত্রী ও সন্তাদের দ্বারা আমার চোখ শীতল কর। আমাকে পরহেজগারদের আদর্শ কর।

**উচ্চারণ:** রাব্বি হাবলি মিনাস সালেহীন।
**অর্থ:** হে আমার পালনকর্তা! আমাকে নেককার সৎ-কর্মশীল সন্তান দান কর।

**উচ্চারণ:** রাব্বি হাবলি মিল্লাদুনকা যুররিইয়্যাতান তইয়্যিবাতান ইন্নাকা সামীউদ্দুআ।
**অর্থ:** হে আমার পালকর্তা! তোমার নিকট থেকে আমাকে পূত-পবিত্র সন্তান দান করো। নিশ্চই তুমি প্রার্থনা শ্রবণকারী।

**উচ্চারণ:** আল্লাহু লাতীফুম্ বি-ইবাদিহি ইয়ারজুকু মাইয়্যাশায়ু, ওয়া হুয়াল কাভিয়্যুল আজিজ।
**অর্থ:** আল্লাহ তা'আলা নিজের বান্দাদের প্রতি মেহেরবান! তিনি যাকে ইচ্ছা রিজিক দান করেন। তিনি প্রবল, পরাক্রমশালী।

**উচ্চারণ:** রাব্বিজ আলনী মুকিমাছ ছালাতি ওয়ামিন জুররি ইয়াতি, রাব্বানা ওয়াতাকাব্বাল দুয়া, রাব্বানাগ ফিরলি ওয়ালি ওয়ালি দাইয়া ওয়ালিল মু'মিনিনা ইয়াওয়া ইয়াকুমুল হিসাব।
**অর্থ:** হে আমার পালনকর্তা! আমাকে নামাজ কায়েমকারী বানাও আর আমার সন্তানদের মধ্য থেকেও। হে আল্লাহ্! আমার দোয়া কবুল করে নাও। হে আল্লাহ্! যেদিন হিসাব কার্যকর হবে, আমাকে ও আমার মাতা-পিতাকে আর সকল ঈমানদার লোকদেরকে সেদিন ক্ষমা করে দিও।

**উচ্চারণ:** রাব্বির হামহুমা কামা রাব্বাঈয়ানী সাগিরা।
**অর্থ:** হে আল্লাহ্! আমার মাতা-পিতার প্রতি আপনি সেই ভাবে সদয় হউন, তাঁরা শৈশবে আমাকে যেমন স্নেহ-মমতা দিয়ে লালন-পালন করেছেন।

**উচ্চারণ:** রাব্বিগ ফির ওয়ারহাম ওয়া আনতা খাইরুর রাহিমীন।
**অর্থ:** হে আল্লাহ্! আমাকে ক্ষমা করে দাও, আর আমার প্রতি রহম কর, তুমিই তো উত্তম দয়ালু।

**উচ্চারণ:** রাব্বি হাবলী হুকমাওঁ ওয়া আল হিকনী বিসসা-লিহীন। ওয়াজ আললী লিছা-না সিদকিন ফিল আখিরীন। ওয়াজ আলনী মিওঁ ওয়ারাছাতি জান্নাতিন না'ঈম। ওয়ালা তুখঝিনী ইয়াওমা ইউব'আছূন।
**অর্থ:** হে আমার রব! আমাকে জ্ঞান দান কর এবং আমাকে সৎকর্মপরায়ণদের সাথে শামিল কর। আমাকে পরবর্তীদের মধ্যে যশস্বী কর। এবং আমাকে সুখময় জান্নাতের অধিকারীদের অন্তর্ভুক্ত কর এবং পুনরুত্থান দিবসে আমাকে লাঞ্চিত করিও না।

**উচ্চারণ:** রব্বি জিদনি ইলমা।
**অর্থ:** হে আমার রব! আমার জ্ঞান বৃদ্ধি কর।

**উচ্চারণ:** রাব্বানাগ ফিরলানা যুনুবানা ওয়া ইসরাফানা ফী আমরিনা ওয়া ছাব্বিত আক্বদামানা ওয়ানছুরনা আলাল কাওমিল কাফিরীন।
**অর্থ:** হে আমার পালনকর্তা! আমার গুনাহ এবং কোন কাজের সীমা লঙ্ঘনকে তুমি ক্ষমা কর, আমার ঈমান দৃঢ় রাখ এবং কাফেরদের বিরুদ্ধে আমাকে বিজয়ী কর।

**উচ্চারণ:** আল্লাহুম্মাক ফিনি বিহালা-লিকা আন হারামিকা ওয়া আগিননি বিফাদিলকা আম্মান সিওয়াক্ব।
**অর্থ:** হে আল্লাহ! তুমি আমাকে হারাম ছাড়া হালাল (সম্পদ) দিয়ে যথেষ্ট করে দাও এবং তোমার অনুগ্রহ দিয়ে আমাকে অন্যদের থেকে মুখাপেক্ষীহীন করো।

**উচ্চারণ:** ইয়া হাইয়্যু ইয়া ক্বাইয়ূমু বিরাহমাতিকা আস্তাগিছ।
**অর্থ:** হে চিরঞ্জীব! হে বিশ্বচরাচরের ধারক! আমি তোমার রহমতের আশ্রয় প্রার্থনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আউজুবিকা মিনাল জুবনি। ওয়া আউযু বিকা আন আরুদ্দা ইলা আরজালিল উমুরি। আউজুবিকা মিন ফিতনাতিদ দুনিয়া। আউজু বিকা মিন আজাবিল কাবরি।
**অর্থ:** হে আল্লাহ! আমি আপনার কাছে ভীরুতা থেকে আশ্রয় চাই। বার্ধক্যজনিত অক্ষমতা থেকে আশ্রয় চাই। দুনিয়ার ফেতনা থেকে আশ্রয় চাই। কবরের আজাব থেকে আশ্রয় চাই।

**উচ্চারণ:** আল্লাহুম্মা আদখিলনিল জান্নাতা ওয়া আজিরনি মিনান্নার।
**অর্থ:** হে আল্লাহ! তুমি আমাকে জান্নাতে প্রবেশ করাও এবং জাহান্নাম থেকে মুক্তি দাও।

**উচ্চারণ:** রাব্বানা আ-তিনা মিল্লাদুনকা রাহমাতাওঁ ওয়া হাইয়ি’লানা-মিন আমরিনা রাশাদা।
**অর্থ:** হে আমার প্রতিপালক! তুমি নিজ হইতে আমাকে অনুগ্রহ দান কর, এবং আমার জন্য আমার কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালনার ব্যবস্থা কর।

**উচ্চারণ:** রাব্বানা লা-তু-আখিযনা ইন নাছীনা-আও আখতা’না রাব্বানা ওয়ালা-তাহমিল আলাইনা ইসরান কামা-হামালতাহু আলাল্লাযীনা মিন কাবলিনা রাব্বানা-ওয়ালা তুহাম্মিলনা মা-লা-তা-কাতা লানা-বিহি ওয়া’ফু আন্না ওয়াগফিরলানা ওয়ার-হামনা আনতা মাওলা-না ফানসুরনা আলাল কাওমিল কা-ফিরিন।
**অর্থ:** হে আমার প্রতিপালক! আমি বিস্মৃত হই বা ভুল করি, তবে তুমি আমাকে সেই ভুলের জন্য পাকড়াও করিও না। হে আমার রব! আমার পূর্ববর্তীদের উপর যেমন গুরুদায়িত্ব অর্পণ করেছিলে, আমার উপর তেমন দায়িত্ব অর্পণ করিও না। হে রব! এমন ভার আমার উপর অর্পণ করিও না, যা বহন করার সাধ্য আমার নাই। আমার পাপ মোচন কর, আমাকে ক্ষমা কর, আমার প্রতি দয়া কর, তুমিই আমার অভিভাবক। সুতরাং কাফের সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায্য কর।

**উচ্চারণ:** রাব্বি লা তাযারনি ফারদাঁও ওয়া আনতা খাইরুল ওয়ারিছিন।
**অর্থ:** হে আমার পালনকর্তা, আমাকে একা রেখো না। তুমি তো উত্তম ওয়ারিশ।

**উচ্চারণ:** রাব্বানা ওয়াছি'তা কুল্লা শাইয়ির রাহমাতাওঁ ওয়া ইলমান ফাগফির লিল্লাযীনা তা'বু ওয়াত্তাবা'উ ছাবীলাকা ওয়াকিহিম আযা-বাল জাহীম। রাব্বানা ওয়া আদখিলহুম জান্না-তি আদনি নিল্লাতী ওয়া আত্তাহুম ওয়া মান সালাহা মিন আবাইহিম ওয়া আঝওয়া-জিহিম ওয়া জুররিইয়া-তিহিম ইন্নাকা আনতাল আঝীজুল হাকীম।
**অর্থ:** হে আমার রব! তোমার দয়া ও জ্ঞান সর্বব্যাপী। অতএব যারা তওবা করে ও তোমার পথ অবলম্বন করে, তুমি তাদের ক্ষমা কর এবং জাহান্নামের শাস্তি হতে রক্ষা কর। হে রব! তুমি তাদেরকে স্থায়ী জান্নাতে দাখিল কর, যার প্রতিশ্রুতি তুমি তাদের দিয়েছো। এবং তাদের পিতা-মাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যারা সৎকর্ম করেছে তাদেরকেও। তুমি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

**উচ্চারণ:** আউযু বিকালিমা-তিল্লা-হিত তা'ম্মাতি মিন শার্রি মা খালাক্ব।
**অর্থ:** আমি আল্লাহর পরিপূর্ণ কালামের উসীলায় তাঁর সৃষ্টির অনিষ্ট থেকে আশ্রয় চাই।

**উচ্চারণ:** রাব্বানাগ ফিরলানা ওয়া লিইখওয়া-নিনাল্লাযীনা ছাবকূনা-বিল ঈমানি ওয়ালা তাজ'আল ফি কুলূবিনা-গিল্লাল লিল্লাযীনা আ-মানূ রাব্বানা ইন্নাকা রাউফুর রাহিম।
**অর্থ:** হে আমার রব! আমাকে এবং ঈমানে অগ্রণী আমার ভাইগণকে ক্ষমা কর। এবং মুমিনদের বিরুদ্ধে আমার অন্তরে বিদ্বেষ রাখিও না। হে আমার প্রতিপালক! তুমি তো দয়ার্দ্র, পরম দয়ালু।

**উচ্চারণ:** রাব্বি আদখিলনিল মুদ-খালা সিদকিওঁ ওয়া আখরিজনী মুখরাজা সিদকিওঁ ওয়াজ'আলনী মিল্লাদুনকা সুলতানান নাসীরা।
**অর্থ:** হে পালনকর্তা! আমাকে দাখিল কর সত্যরূপে এবং আমাকে বের কর সত্যরূপে। এবং আমাকে দান কর সাহায্যকারী শক্তি।

**উচ্চারণ:** রাব্বি আওঝি'নীআন আশকুরা নি'মাতা কাল্লাতীআন'আমতা আলাইয়্যা ওয়া আলা-ওয়া-লিদাইয়্যা ওয়া আন আ'মালা সালিহান তারদা-হু ওয়া আদখিলনী বি-রাহমাতিকা ফী ইবাদিকাস সালিহীন।
**অর্থ:** হে আমার রব! তুমি আমাকে সামর্থ্য দাও যাতে আমি তোমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি। আমার প্রতি ও আমার পিতা-মাতার প্রতি তুমি যে অনুগ্রহ করেছো তার জন্য এবং যাতে আমি সৎকার্য করতে পারি, যা তুমি পছন্দ কর। এবং তোমার অনুগ্রহে আমাকে তোমার সৎকর্মপরায়ন বান্দাদের সাথে শামিল কর।

**উচ্চারণ:** রাব্বানাসরিফ আন্না আযাবা জাহান্নাম ইন্না আযাবা-হাকা-না গারা-ম। ইন্না-হা ছাআত মুছতাকাররাওঁ ওয়া মুকাম।
**অর্থ:** হে আমার প্রতিপালক! আমার কাছ থেকে জাহান্নামের শাস্তি বিদূরিত কর, এর শাস্তি তো নিশ্চিত বিনাশ। নিশ্চই এটা অস্থায়ী ও স্থায়ী আবাস হিসেবে নিকৃষ্ট।

**উচ্চারণ:** রাব্বানা লাতাজ’আলনা মা-আল কাওমিজ্জালিমিন।
**অর্থ:** হে রব! আমাকে জালিমদের সঙ্গি করিও না।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নী আসআলুকা আন তুবারিকা ফী সাম‘য়ী, ওয়া ফী বাসরী, ওয়া ফী খালকী, ওয়া ফী খুলুকী, ওয়া ফী আহ্‌লী, ওয়া ফী মাহ্‌ইয়াইয়া, ওয়া ফী ‘আমালী, ওয়া তাকাব্বাল হাসানাতী, ওয়া আসআলুকাদ দারাজাতিল ‘উলা মিনাল জান্নাতি।
**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে আমার শ্রবণশক্তিতে, দৃষ্টিশক্তিতে, চেহারা ও আকৃতিতে, স্বভাব ও চরিত্রে, পরিবার-পরিজনে এবং জীবনে বরকত প্রদানের জন্য আবেদন করছি। আমার সৎকর্মগুলো কবুল করতে এবং বেহেশতে উচ্চ মর্যাদা প্রদানের প্রার্থনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্না নাস্‌তায়ীনুকা, ওয়া নাস্‌তাগ্‌ফিরুকা, ওয়া নু’মিনু বিকা, ওয়া নাতাওয়াক্কালু ‘আলাইকা, ওয়া নুছনী আলাইকাল খাইর। ওয়া নাশ কুরুকা, ওয়ালা নাকফুরুকা, ওয়া নাখলাউ, ওয়া নাতরুকু মাঁই ইয়াফজুরুকা আল্লাহুম্মা ইয়্যাকা না’বুদু ওয়া লাকানুসল্লী, ওয়া নাসজুদু, ওয়া ইলাইকা নাস’আ, ওয়া নাহফিদু, ওয়া নারজু রাহমাতাকা, ওয়া নাখশা আযাবাকা, ইন্না আযাবাকা বিল কুফ্‌ফারি মুলহিক।
**অর্থ:** হে আল্লাহ! আমরা তোমারই সাহায্য চাই। তোমারই নিকট ক্ষমা চাই, তোমারই প্রতি ঈমান রাখি, তোমারই ওপর ভরসা করি এবং সকল মঙ্গল তোমারই দিকে ন্যাস্ত করি। আমরা তোমার কৃতজ্ঞ হয়ে চলি, অকৃতজ্ঞ হই না। হে আল্লাহ! আমরা তোমারই দাসত্ব করি, তোমারই জন্য নামায পড়ি এবং তোমাকেই সিজদাহ করি। আমরা তোমারই দিকে দৌড়াই ও এগিয়ে চলি। আমরা তোমারই রহমত আশা করি এবং তোমার আজাবকে ভয় করি। আর তোমার আজাবতো কাফেরদের জন্যই নির্ধারিত।

**উচ্চারণ:** আল্লাহুম্মাহ দিনী ফীমান হাদাইত, ওয়া’আ-ফিনী ফীমান ‘আ-ফাইত, ওয়া তাওয়াল্লানী ফীমান তাওয়াল্লাইত, ওয়া বা-রিক লী ফীমা আ’তাইত, ওয়াক্বিনী শাররামা ক্বাদাইত, ইন্নাকা তাক্বদী ওয়ালা ইউক্‌দা ‘আলাইকা, ওয়া ইন্নাহু লা ইয়াযিল্লু মান ওয়ালাইত, ওয়ালা ইয়াইয্‌যু মান ‘আ-দাইত, তাবা-রাকতা রব্বানা ওয়া তা’আলাইত।
**অর্থ:** হে আল্লাহ! আপনি যাদেরকে হেদায়ত করেছেন তাদের মধ্যে আমাকেও হেদায়ত দিন, আপনি যাদেরকে নিরাপত্তা প্রদান করেছেন তাদের মধ্যে আমাকেও নিরাপত্তা দিন, আপনি যাদের অভিভাবকত্ব গ্রহণ করেছেন, তাদের মধ্যে আমার অভিভাবকত্বও গ্রহণ করুন, আপনি আমাকে যা দিয়েছেন তাতে বরকত দিন। আপনি যা ফয়সালা করেছেন তার অকল্যাণ থেকে আমাকে রক্ষা করুন। কারণ আপনিই চুড়ান্ত ফয়সালা দেন। আপনার বিপরীতে ফয়সালা দেওয়া হয় না। আপনি যার সাথে বন্ধুত্ব করেছেন সে অবশ্যই অপমানিত হয় না এবং আপনি যার সাথে শত্রুতা করেছেন সে সম্মানিত হয় না। আপনি বরকতপূর্ণ হে আমাদের পালনকর্তা! আর আপনি সুউচ্চ-সুমহান।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নী যালামতু নাফসী যুলমান কাসীরাওঁ ওয়ালা ইয়াগ ফিরুয যুনূবা ইল্লা আন্তা; ফাগফির লী মাগফিরাতাম মিন ইন্দিকা ওয়ার হামনী ইন্নাকা আন্তাল গফুরুর রাহীম।
**অর্থ:** হে আল্লাহ্! আমি আমার নিজ আত্মার উপর বড়ই অত্যাচার করেছি, গুনাহ মাফকারী একমাত্র আপনিই; অতএব আপনি আপনা হতেই আমাকে সম্পূর্ণ ক্ষমা করুন এবং আমার প্রতি দয়া করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীল ও দয়ালু।

**উচ্চারণ:** আল-হামদুলিল্লা-হিল্লাযী আযহাবা আন্নাল হাঝানা ইন্না রাব্বানালা গাফুরুন শাকুর।
**অর্থ:** সকল প্রশংসা আল্লাহর! যিনি আমার দুঃখ-দুর্দশা দূরীভূত করেছেন; আমার প্রতিপালক তো ক্ষমাশীল, গুনগ্রহী।

**উচ্চারণ:** রাব্বিগফির ওয়ারহাম ওয়া আনতা খাইরুর রা-হিমীন।
**অর্থ:** হে আমার রব! আমাকে ক্ষমা কর ও দয়া কর। তুমিই তো সর্বশ্রেষ্ঠ দয়ালু।

**উচ্চারণ:** রাব্বানা আতমিম লানা-নূরানা-ওয়াগফিরলানা ইন্নাকা আলা-কুল্লি শাইয়িম কাদীর।
**অর্থ:** হে আমার প্রতিপালক! আমার জ্যোতিকে পূর্ণতা দান কর এবং আমাকে ক্ষমা কর। নিশ্চই তুমি সর্ববিষয়ে সর্বশক্তিমান।

**উচ্চারণ:** আল্লাহুম্মা লা সাহলা ইল্লা মা জাআলতাহু সাহলা। ওয়া আন্তা তাজআলুল হুযনা ইযা শি'তা সাহলা।
**অর্থ:** হে আল্লাহ! তুমি যা সহজ করে দিয়েছো তা ছাড়া সহজ কিছু নয়। আর ইচ্ছা করলে দুশ্চিন্তাকে তুমিই সহজ করে থাক।

**উচ্চারণ:** বিসমিল্লা হিল্লাযী লা ইয়াদুর্রু মা'আ আসমিহী শাইয়ুন ফিল আর্দি ওয়া লা ফিস সামা-ই ওয়া হুয়াস সামীউল আলীম।
**অর্থ:** আমি ঐ আল্লাহর নামে শুরু করছি, যার নামে শুরু করলে আসমান ও যমীনের কোন কিছুই কোনরূপ ক্ষতিসাধন করতে পারে না। তিনি সর্বোশ্রোতা ও সর্বজ্ঞ।

**উচ্চারণ:** সোবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা, ওয়া তাবারাকাস্‌মুকা, ওয়া তা'আলা জাদ্দুকা, ওয়া লা-ইলাহা গাইরুকা।
**অর্থ:** হে আল্লাহ্! আমি তোমার পবিত্রতা বর্ণনা করছি। তুমি প্রশংসাময়, তোমার নাম বরকতময়, তোমার মর্যাদা অতি উচ্চে, আর তুমি ব্যতীত সত্যিকার কোন মা'বূদ নেই।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আউজু বিকা আন উশরিকা বিকা ওয়া আনা আলাম, ওয়া আসতাগফিরুকা লিমা লা আলাম।
**অর্থ:** হে আল্লাহ! আমার জানামতে আপনার প্রতি শিরক হয় এমন ভয়াবহ অপরাধ থেকে বেঁচে থাকার আশ্রয় চাই। আর আমার অজান্তে ঘটে যাওয়া শিরকের থেকেও ক্ষমা প্রার্থনা করছি।

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আসআলুকা বিআন্নাকা আংতাল্লাহু, লা ইলাহা ইল্লা আংতাল আহাদুস সামাদ। আল্লাজি লাম ইয়ালিদ ওয়া লাম ইউলাদ, ওয়া লাম ইয়াকুল্লাহু কুফুওয়ান আহাদ।
**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার কাছে প্রার্থনা করি এবং জানি যে, তুমিই আল্লাহ, তুমি ছাড়া কোনো মা'বূদ নেই। তুমি এক, অনন্য, মুখাপেক্ষীহীন এবং অন্যদের নির্ভরস্থল। তুমি কাউকে জন্ম দাওনি এবং তোমাকেও কেউ জন্ম দেয় নি, তোমার সমতুল্য কেউ নাই।

**উচ্চারণ:** হাছবুন'আল্লা-হু ওয়া নি-মা'ল ওয়াকীল নি'মাল মাওলা ওয়া নি-মান নাছির।
**অর্থ:** আল্লাহই আমার জন্য যথেষ্ট এবং তিনিই উত্তম কর্মবিধায়ক। তিনিই উত্তম অভিভাবক এবং উত্তম সাহায্যকারী।

**উচ্চারণ:** রব্বানা তাকাব্বাল মিন্না ইন্নাকা আন্তাছ সামিয়্যুল আলীম ওয়া তুব আলাইনা ইন্নাকা আন্তাত তাওয়াবুর রহীম।
**অর্থ:** হে আমার প্রতিপালক! আমার যাবতীয় সতকর্মসমূহ কবুল করুন। অবশ্য আপনি সব কিছু শুনেন ও জানেন এবং আমার তওবাকে কবুল করুন। আপনিই এক মাত্র বান্দার তওবা কবুলকারী ও পরম দয়ালু।

**উচ্চারণ:** সুবহানা রাব্বিকা রাব্বিল ইজ্জাতি আ'ম্মা ইয়াসিফুন। ওয়া সালামুন আ'লাল মুরসালিন। ওয়ালহামদুলিল্লাহি রাব্বিল আ'লামিন।
**অর্থ:** পবিত্র আমার পরওয়ারদেগারের সত্তা! তিনি সম্মানিত ও পবিত্র যা তারা বর্ণনা করে তা থেকে। পয়গম্বরদের প্রতি সালাম বর্ষিত হোক। সমস্ত প্রশংসা বিশ্বপালক আল্লাহর নিমিত্তে।

## করোনা থেকে পরিত্রানের দোয়া

**উচ্চারণ:** আল্লাহুম্মা ইন্নি আ'উযুবিকা মিনাল বারাসি ওয়াল জুনূনি ওয়াল জু-যামি ওয়া মিন সাইয়্যিল আসকাম।
**অর্থ:** হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় চাচ্ছি ধ্বল রোগ, কুষ্টরোগ ও উন্মাদনা থেকে এবং দুরারোগ্য সকল ব্যাধি থেকে।

**উচ্চারণ:** আল-হামদুলিল্লাহ হিল্লাযি আফানি মিম মাব তালাকা বিহি, ওয়া ফাদ-দালানি আলা কাছিরিম মিম মান খালাকা তাফদ্বীলা।
**অর্থ:** সকল প্রশংশা সেই আল্লাহর জন্য! যিনি তোমাকে বিপদ দ্বারা পরীক্ষায় নিপতিত করেছেন, তা হতে আমাকে নিরাপদ রেখেছেন এবং সৃষ্টির অনেকের চেয়ে আমাকে অনুগ্রহ করেছেন।